

ঢাকা বিশ্ববিদ্যালয়ে ছাত্রলীগ ও ছাত্রদলের সংঘর্ষের ঘটনায় ৪০০ জনকে আসামি করে মামলা করেছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। গতকাল বুধবার শাহবাগ থানায় এ মামলা করা হয়। তবে মামলায় কারো নাম উল্লেখ করা হয়নি।

গতকাল রাতে এ তথ্য জানিয়েছেন শাহবাগ থানার ওসি মওদুত আহমেদ।

#### বিজ্ঞাপন

তিনি জানান, মামলার বাদী ঢাকা বিশ্ববিদ্যালয়ের সহকারী এস্টেট ম্যানেজার আলী আশ্রাফ।

এদিকে গতকাল সন্ধ্যায় সংবাদ সম্মেলনে ছাত্রদল অভিযোগ করেছে, ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে বহিরাগতদের নিয়ে ছাত্রলীগ মহড়া দিয়ে ভীতি সৃষ্টি করছে। তাঁরা বলেন, ছাত্রদল ঢাবিসহ সব শিক্ষাপ্রতিষ্ঠানে ‘স্বাভাবিক ও নিরাপদ’ রাখতে চায়।

সংবাদ সম্মেলনে জানানো হয়, আগামীকাল ২৭ মে বিসিএস পরীক্ষা থাকায় পূর্বৰোধিত ওই দিনের কর্মসূচি স্থগিত করা হয়েছে। তবে আজ বৃহস্পতিবার সারা দেশে কলেজ ও বিশ্ববিদ্যালয়ে বিক্ষেপ করবে।

এদিকে মামলার এজাহারে বলা হয়, ঢাকা বিশ্ববিদ্যালয় সিনেটের ৩৫ জন শিক্ষক প্রতিনিধি নির্বাচন হচ্ছিল। এ সময় একদল দুষ্কৃতকারী লাঠি, রড ও নানা ধরনের দেশীয় অস্ত্র নিয়ে ঢাকা মেডিক্যালের বহিরিভাগের সামনে একজোট হয়ে নির্বাচন বানচাল ও বিশ্ববিদ্যালয়ের চলমান শিক্ষার স্বাভাবিক পরিবেশ বিঘ্নিত করতে অপতৎপরতা শুরু করে। এ ছাড়া শিক্ষার্থীদের আনা-নেওয়ার কাজসহ নিয়মিত সেবা প্রদান করা দুটি বিআরটিসি বাস ভাঙচুর করে জাতীয় সম্পদের বিনষ্ট করা হয়।

সাতদিনের  
সেরা